মেহেরপুর শহরে লাটাহাম্বায় প্রাণ হারালেন এলজিইডি কর্মচারী

মেহেরপুর শহরে বাঁশের গুড়িভর্তি বেপরোয়া গতির লাটাহাম্বারের ধাক্কায় প্রাণ গেলো এলজিইডির অফিস সহায়ক মোজাম্মেল হকের । এছাড়া আহত হয়েছেন রিকসা চালক আব্দুল আলীম।

নিহত মোজাম্মেল হক মেহেরপুর সদর উপজেলার গোভীপুর গ্রামের মৃতু আব্দুল মোতালেবের ছেলে ও এলজিইডির মেহেরপুর নির্বাহী প্রকৌশলী অফিসের অফিস সহায়ক। আহত রিকসা চালক আব্দুল আলীম মেহেরপুর শহরের বোশপাড়া এলাকার মৃত জসিম উদ্দিনের ছেলে।
আজ বুধবার (৩১ জানুয়ারি) সন্ধ্যার সময় মেহেরপুর পৌরসভার সামনে এই দুর্ঘটনা ঘটে।

স্থানীয়রা জানান, মেহেরপুর শহরের হোটেল বাজার এলাকা থেকে বাঁশের গুড়ি বোঝায় একটি দ্রুতগতির লাটাহাম্বার পৌরসভার সামনে স্পিডবেকার পার হওয়ার সময় একটি চাকা খুলে চলন্ত মোটরসাইকেল আরোহী মোজাম্মেল হক ও রিকসাচালক আব্দুল আলীমকে চাপা দেয়। এসময় তারা দুজনেই রাস্তার উপর লুটিয়ে পড়েন। স্থানীয়রা তাদের দুজনকে উদ্ধার করে মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে নেন। এসময় কর্তব্যরত চিকিৎসক মোজাম্মেল হককে মৃতু ঘোষণা করেন। দুর্ঘটনার সময় লাটাহাম্বার চালক পালিয়ে যায়।

খবর পেয়ে বুড়িপোতা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান শাহজাহান হাসপাতালে এসে হতাহতদের চিকিৎসার খোঁজ খবর নেন।

মেহেরপুর সদর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেখ কনি মিয়া এই ঘটনার সত্যতা নিশ্চিত করেছেন। তিনি বলেন, নিহত মোজাম্মেল হকের মরদেহ উদ্ধার করা হয়েছে। এছাড়া আহত আব্দুল আলীম মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন। এখন পর্যন্ত লিখিত অভিযোগ পাওয়া যায়নি। অভিযোগ পেলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।